জামালপুরের ইসলামপুরে বিএনপির ৩১ দফা বাস্তবায়নে আলোচনা সভা অনুষ্ঠিত

মোঃ রুহুল আমিন রাজু জামালপুর প্রতিনিধি- সততা ও নিষ্ঠার সাথে দল গঠন ও পরিচালনা করতে হবে। আমাদের সন্তানদের সৎ ও আদর্শবান করে গড়ে তুলতে হবে। এজন্য প্রাথমিক বিদ্যালয় থেকেই শিশুদের মাঝে সততার কথা বলতে এবং সৎ ও আদ্বর্শ মানুষ গড়ার শিক্ষাদান করতে করতে হবে। প্রধান অতিথির বক্তব্যে বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার উপদেষ্টা মন্ডলীর অন্যতম সদস্য সাবেক মন্ত্রী পরিষদ সচিব এএসএম আব্দুল হালিম এ কথাগুলো বলেন।। তিনি আরো বলেন শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের নীতি আদ্বর্শে
গঠন করা দল বাংলাদেশ জাতীয়তা বাদী দল (বিএনপি)। এ দলের
চেয়ারপার্সন তিনবারের প্রধান মন্ত্রী বেগম খালেদা জিয়া এবং ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। এই দলে দূর্ণীতির কোন সুযোগ নেই। তাই তৃণমূল থেকে কেন্দ্র পর্যন্ত সকলকে সৎ ও আদ্বর্শ বান হতে হবে। কারো বিরুদ্ধে অসততার প্রমাণ পাওয়া গেলে তাকে দল থেকে বহিস্কার করা হবে।

জুলাই ১৩, ২০২৩ বিএনপি কতৃক ঘোষিত সংবিধান রাষ্ট্র ব্যবস্থার গণতান্ত্রিক সংস্কার ও অর্থনৈতিক মুক্তির লক্ষ্যে প্রণীত রাষ্ট্র কাঠামো মেরানত প্রতিশ্রুতির ৩১ দফা বাস্তবায়নের লক্ষে বৃহস্পতিবার ইসলামপুর উপজেলা বিএনপির প্রধান কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

জামালপুর জেলা বিএনপির বন-পরিবেশ বিষয়ক সম্পাদক ও ইসলামপুর পৌর বিএনপির সাবেক সভাপতি জয়নাল আবেদন সরকার এ সভায় সভাপতিত্ব করেন। এতে বিশেষ অতিথির বক্তব্য রাখেন জামালপুর জেলা বিএনপির সহ-সভাপতি ও ইসলামপুরের সাবেক সফল উপজেলা চেয়ারম্যান নবী নেওয়াজ খান লোহানী বিপুল।

ইসলামপুর উপজেলা বিএনপির সহ:সভাপতি হেলাল উদ্দিনের সঞ্চলনায় অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন আব্দুর রৌফ দানু, মাহাবুবুুল আলম সরকার, ডাক্তার আব্দুর রাজ্জাক, খলিলুর রহমান, আক্রাম আলী বাদশা, ওয়ারেছ আলী, শালমান, মনির খান

লোহানী, সোহাগ খান লোহানী প্রমুখ।